# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

website : www.bmeb.gov.bd

নং রিক/নবায়ন/পটুয়াখালী-বাউফল-২৬/ তারিখঃ / /২০১৭ খ্রিঃ।

## অফিস আদেশ

পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন রহমতনগর ইসলামিয়া দাখিল মাদরাসার দাখিল স্বীকৃতির মেয়াদ নির্দেশক্রমে নিম্নবর্ণিত শর্তে ০১-০১-২০১৬ হতে ৩১-১২-২০১৮ তারিখ পর্যন্ত ৩ (তিন) বছরের জন্য বৃদ্ধি করা হলো। মাদরাসার CODE-17148 ও EIIN -102081

**পালনীয় শর্তাবলী:-**

১. মন্ত্রণালয়ের নির্দেশ অথবা অন্য কোন ভাবে স্বীকৃতি স্থগিত বা বাতিল না হওয়া সাপেক্ষে মাদরাসা প্রধানের দরখাস্তের পরিপ্রেক্ষিতে দাখিল স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি করা হলো। মাদরাসাটির স্বীকৃতি স্থগিত বা বাতিল হয়ে থাকলে স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত এ অফিস আদেশ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।
২. পাঠাগারে অনূন্য ২০০০ খানা বই থাকতে হবে এবং বর্তমান নবায়ন মেয়াদে আরও ১০,০০০.০০ টাকার বই ক্রয় করতে হবে।
৩. মাদরাসার সকল শ্রেণীর চুড়ান্ত পরীক্ষার ফলাফলের গুণগত ও সংখ্যাগত মান সন্তোষজনক হতে হবে।
৪. মাদরাসায় সহশিক্ষা ব্যবস্থা চালু থাকলে ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক পৃথক শৌচাগার নির্মাণ করতে হবে।
৫. জনবল কাঠামোর নীতিমালা এবং শিক্ষক নিবন্ধন আইন অনুযায়ী আগামী তিন মাসের মধ্যে বিদ্যমান সকল শুন্য পদে শিক্ষক/শিক্ষিকা এবং কর্মচারী নিয়োগ সম্পন্ন করতে হবে।
৬. শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদান সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা এবং শিক্ষক নিবন্ধন আইন মোতাবেক সকল শর্ত পূরণ থাকতে হবে। অন্যথায় এ আদেশ বাতিল বলে গণ্য হবে।
৭. মাদরাসা বোর্ডের পাবলিক সমাপনী ৫ম, জেডিসি (৮ম) পরীক্ষায় অংশ গ্রহণ ও ফলাফল সন্তোষজনক হতে হবে।
৮. মাদরাসার স্তরভেদে ক্যাম্পাসে ২৫০ থেকে ৫০০টি বৃক্ষ রোপন, পরিচর্যা ও সংরক্ষণ করতে হবে।
৯. প্রত্যেক শ্রেণীতে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
১০. বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি/ গভর্ণিং বডি গঠন করতে হবে/ থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ আবুল বাসার)
মাদরাসা পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক,
রহমতনগর ইসলামিয়া দাখিল মাদরাসা
পোঃ রহমতনগর, উপজেলা-বাউফল, জেলা- পটুয়াখালী।

নং রিক/নবায়ন/পটুয়াখালী-বাউফল-২৬/ ১০২০/৭ তারিখঃ ২১/০৬/২০১৭ খ্রিঃ।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ**

১. মহা-পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. জেলা প্রশাসক, পটুয়াখালী।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৬. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
৭. উপজেলা নির্বাহী অফিসার/সভাপতি, বাউফল, পটুয়াখালী।
৮. রেকর্ড কিপার, মঞ্জুরী শাখা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সংরক্ষণ কপি।

(মোঃ হোসেন)
উপ-মাদরাসা পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।